মুজিব শতবর্ষ ১০০

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০১৪.০৩১(২৫).৪৪.২০/৭২ তারিখঃ ২৭/০১/২০২০ খ্রিঃ

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রনাধীন হাট-বাজার/ সায়রাত মহাল ১৪২৭ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নিম্নে বর্ণিত হাট-বাজার/ সায়রাত মহাল সমূহ ১৪২৭ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত (১ বছর মেয়াদে) অস্থায়ী ইজারা প্রদানের জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্ন বর্ণিত সময়সূচী মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | সায়রাত মহালের নাম | বায়নার পরিমান (প্রস্তাবিত মূল্যের) | দরপত্র মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|
| ১ | গোদনাইল হাট-বাজার | ১০০% | ১,২০০/- |
| ২ | ভগবানগঞ্জ বাজার | ১০০% | ১,৪০০/- |
| ৩ | কালীর বাজার | ১০০% | ১,০০০/- |
| ৪ | বন্দর বাজার | ১০০% | ১,৮০০/- |
| ৫ | ইস্পাহানী বাজার | ১০০% | ১,২০০/- |
| ৬ | সিদ্ধিরগঞ্জ বাজার | ১০০% | ৫০০/- |
| ৭ | মদনগঞ্জ বাজার | ১০০% | ৫০০/- |
| ৮ | নবীগঞ্জ বেবী/টেম্পু ষ্ট্যান্ড, কামাল উদ্দিনের মোড়সহ ( ফেরীদ্বারা পারাপার হয়ে চলে যাওয়া কোন যানবাহনই ষ্ট্যান্ডের টোলের আওতাভূক্ত নহে)। | ১০০% | ১০,৮০০/- |
| ৯ | ১১ নং ওয়ার্ডে রাস্তার ক্ষতিপূরণ ফি আদায় (আইইটি স্কুল মোড় বরফকলঘাট মোড়, এসিআই মোড়) এসিআই নিজস্ব গাড়ী হতে কোন টোল আদায় করা যাবে না। | ১০০% | ১,৬০০/- |
| ১০ | সোনা মিয়া বাজার পশু জবাইখানা | ১০০% | ৫০০/- |
| ১১ | মদনগঞ্জ বাস ষ্ট্যান্ড । | ১০০% | ৪,০০০/- |
| ১২ | সিদ্ধিরগঞ্জ বাজার পশু জবাই খানা। | ১০০% | ৫০০/- |
| ১৩ | বন্দর ১ নং খেয়াঘাট রোডও পাশ্বস্থ বেবী,টেম্পু সি এনজি পাকিং ষ্ট্যান্ড | ১০০% | ১,৮০০/- |

দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচী:

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম দফা | ১০/০২/২০২০ হতে ১৩/০২/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৬/০২/২০১৯ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০২/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ২য় দফা | ০২/০৩/২০২০ হতে ০৪/০৩/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৫/০৩/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৫/০৩/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৩য় দফা | ১৮/০৩/২০২০ হতে ২২/০৩/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৩/০৩/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৩/০৩/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৪র্থ দফা | ২০/০৪/২০২০ হতে ২৩/০৪/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৬/০৪/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০৪/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৫ম দফা | ১০/০৫/২০২০ হতে ১২/০৫/২০২০খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৩/০৫/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৩/০৫/২০২০ খ্রিঃ বিকাল ২.০০ ঘটিকা |
| ৬ ষ্ঠ বার | ১৫/০৬/২০২০ হতে ১৭/০৬/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৮/০৬/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৮/০৬/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৭ম বার | ০৬/০৭/২০২০ হতে ৮/০৭/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৯/০৭/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৯/০৭/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৮ম বার | ২৬/০৭/২০২০ হতে ২৮/০৭/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৯/০৭/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৯/০৭/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৯ম বার | ২৩/০৮/২০২০ হতে ২৫/০৮/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৬/০৮/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০৮/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ১০ম বার | ২৭/০৯/২০২০ হতে ২৯/০৯/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ৩০/০৯/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ৩০/০৯/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| ১১তম বার | ০১/১১/২০২০ হতে ৫/১১/২০২০ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৮/১১/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৮/১১/২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |

বিঃদ্রঃ কোন দফায় কোন মহালের প্রাপ্ত দর গৃহিত হলে, পরবর্তী দফায় ঐ মহালের দরপত্র গ্রহণযোগ্য হবে না।

এ বিষয়ে বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র অফিস চলাকালীন সময়ে নগর ভবনের হিসাব শাখা, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর কার্যালয়ে স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর কার্যালয়, সিটি কর্পোরেশনের কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয় হতে নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করা যাবে এবং উক্ত কার্যালয় সমূহে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র জমা দেওয়া যাবে। গৃহীত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী নগর ভবনে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য সিটি কর্পোরেশনের ০৩ (তিন) টি আঞ্চলিক কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্রের সহিত অবশ্যই জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। দরপত্রের সাথে দরদাতার (প্রস্তাবিত) দরের ১০০% অর্থ মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। ইজারাদারকে প্রস্তাবিত ইজারা মূল্যের উপর অতিরিক্ত আরও ১৫% ভ্যাট, ৫% আয়করের সমপরিমান টাকার পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে এবং ইজারার প্রাপ্তির পর ৫% জামানত পরিশোধ করত: ৩০০/- টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে সিটি কর্পোরেশনের সহিত চুক্তিপত্র সম্পাদনের পর বাজার/স্ট্যান্ডের দখল বুঝিয়ে দেয়া হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী দরপত্রের সঙ্গে লিপিবদ্ধ রয়েছে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেণ। অনলাইনে দরপত্র দাখিল করতে ভিজিট করুন property.ncc.gov.bd এবং দরপত্রের বিষয়ে বিস্তারিত জানতে ভিজিট করুন www.ncc.gov.bd.

শর্তাবলী:

১। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং খামের উপরে ইজারার বিষয়ের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
২। দরদাতাকে প্রস্তাবিত দরের ১০০% টাকা মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে এবং প্রস্তাবিত মূল্যের উপর ভ্যাট ও আয়কর বাবদ আরো ২০% টাকা আলাদা পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে।
৩। অস্পষ্ট, কাটা-ছেড়া, ঘষা-মাজা সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সহিত দরপত্র ক্রয়ের রশিদ এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
৪। দরপত্রে বর্ণিত সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে, যদি উক্ত দর কাঙ্খিত মূল্য/কাঙ্খিত মূল্যের বেশি হয়।
৫। নির্দিষ্ট সময়ে টেন্ডার বাক্স বন্ধ হয়ে যাওয়ার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দুই বা ততোধিক দরদাতা দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।
৬। কাহারও নিকট থেকে সিটি কর্পোরেশন কোন পাওনা বাকি থাকলে তিনি ইজারা কার্যক্রমে অংশ গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।
৭। দরদাতাগণ নিজ দায়িত্বে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে তাঁর দর গৃহিত হয়েছে কি-না, সে বিষয়ে অবহিত হবেন। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হয়েছে মর্মে অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তাকে দরপত্রে প্রস্তাবিত মূল্যের উপর ৫% জামানত জমা দিতে হবে।
৮। ইজারাদার ব্যক্তি ইজারার বিষয়ে সুশৃংখল পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় বিশেষ শর্তাবলী সহকারে ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তির সম্পাদনের পর ইজারার দখল ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে।
৯। টোল আদায় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং আলোর ব্যবস্থা ইজারাদারকে করতে হবে। ইজারাকৃত স্থানে সিটি কর্পোরেশনের লিখিত অনুমতি ব্যতিরেকে কাঁচা বা পাকা অবকাঠামো নির্মাণ করা যাবেনা।
১০। ইজারা সম্পর্কিত বিষয় সমূহের উপর অত্র সিটি কর্পোরেশনের লিখিত অনুমতি ব্যতিরেকে কাঁচাপাকা কোন অবকাঠামো নির্মাণ করা যাবেনা। ইজারা প্রদানকৃত বাস/ট্রাক টার্মিনাল/ষ্ট্যান্ড এর বাহিরে বক্স বসিয়ে বিভিন্ন কৌশলে টোল/ট্যাক্স অদায় করা যাবে না।
১১। কোন ক্রমেই ইজারা প্রাপ্ত মহাল অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ইজারা বা বন্দোবস্ত (সাবলীজ) দেয়া যাবে না। ইজারাদার নিজ খরচে ১টি পরিদর্শন বহি সংরক্ষণ করবেন।
১২। ইজারার বিষয় পরিচালনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রেইটে টোল আদায় করতে হবে এবং ইজারাদার নিজ খরচে টোল রেইটের তালিকা দৃশ্যমান স্থানে টাংগিয়ে রাখতে হবে।

বিভিন্ন সায়রাত মহালের টোল হার ঃ (১) বাস/ট্রাক ষ্ট্যান্ড ঃ বাস/ট্রাক পাকিং ফি দৈনিক=৫০/- টাকা। (২) বেবী/টেম্পু/সিএনজি ষ্ট্যান্ডের টোলের হার ঃ বেবী, টেম্পু, সিএনজি র্কিং ফি প্রতিবার= ১০/- টাকা। (৩) রাস্তার ক্ষতিপুরণ ফি: লোডিং ট্রাক ৬ চাকা পর্যন্ত =২০- টাকা, ৬ চাকার উর্দ্ধে= ৩০/- টাকা, কভার্ড ভ্যান বড়= ৩০/-, কভার্ডভ্যান ছোট (৪ চাকা)= ২০/- টাকা, মাল বহণকারী মাইক্রো/ বেবি টেম্পু= ১০/- টাকা, (৪) গণশৌচাগার ফি: প্রসাব (প্রতিবার)= ১/- টাকা, পায়খানা (প্রতিবার) = ৩/-টাকা, গোসল (প্রতিবার)= ৫/- টাকা, জবাইখানা ফি : ছাগল/ভেড়া প্রতিটি জবাই ফি= ৫০/- টাকা, গরু প্রতিটি= ১০০/- টাকা, মহিষ প্রতিটি=১০০/- টাকা।

১৩। হাট বাজার টোল আদায়ের ক্ষেত্রে সিটি কর্পোরেশন হতে সরবরাহকৃত টোল রেইট প্রযোজ্য হবে।
১৪। ইজারার এক বা একাধিক শর্ত ভঙ্গ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে।
১৫। সরকার এবং সিটি কর্পোরেশন কর্তৃক ইজারা সংক্রান্ত পরবর্তীতে যে সকল নির্দেশ জারী করা হবে ইজারাদার তা মেনে চলতে বাধ্য থাকবেন।
১৬। ইজারা গ্রহণকৃত স্থানে ইজারাদার (প্রযোজ্য ক্ষেত্রে) নিজস্ব ব্যবস্থাপনায় পানি, বিদ্যুৎ এর ব্যবস্থা করবেন এবং ব্যবহৃত বিদ্যুৎ ও পানির বিল পরিশোধ করবেন। এতে সিটি কর্পোরেশনের কোন সংশ্লেষ থাকবেনা ।
১৭। ইজারাদার নিজ দায়িত্বে ইজারাকৃত স্থান অবশ্যই পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
১৮। কোন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তি বা একাধিক ব্যক্তির নামে দরপত্র ক্রয় বা দাখিল করা যাবে না।
১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২০। হাট-বাজার/সায়রাত মহাল ইজারা সংশ্লিষ্ট টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সাটিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
২১। কোন দফায় কোন সায়রাত মহাল ইজারা গ্রহণের জন্য প্রাপ্ত দর গৃহীত হলে পরবর্তী দফায় ঐ মহাল এর জন্য দরপত্র ক্রয় বিক্রী/দাখিল প্রযোজ্য নয়।
২২। উপরে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান প্রযোজ্য হবে।
২৩। অনলাইনে আবেদনে আগ্রহী ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য নগর ভবনে তথ্য প্রযুক্তি কর্মকর্তা জনাব মোঃ মঈনুল ইসলামের সহিত যোগাযোগ করা যেতে পারে।

২৭/১/২০২০

(এ,এফ,এম,এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন-৭৬৩৩৪২৩
e-mail: ceo@ncc.gov.bd

স্মারক নং-৪৬.১৬.০০০০.০১৪.০৩১(২৫).৪৪.২০/৭২।৮(৬০) তারিখঃ ২৭/০১/২০২০ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। কাউন্সিলর (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। পোষ্ট মাস্টার জেনারেল, নারায়ণগঞ্জ।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ.দা.), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। নির্বাহী প্রকৌশলী (সকল), আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১২। যুগ্ম-পরিচালক, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ নদী বন্দর।
১৩। সহকারী সচিব (সকল), আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/বন্দর থানা (তাঁকে বিজ্ঞপ্তির সময়সূচী অনুযায়ী ইজারা কার্যক্রম চলাকালীন সময়ে আইন-শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব মোঃ মঈনুল ইসলাম, তথ্য প্রযুক্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ( বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশনের অনলাইন এবং ওয়েবসাইটে আপলোডসহ যে সকল দরদাতা অনলাইনে আবেদন করতে ইচ্ছুক তাদেরকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
১৬। পিএ টু মেয়র , নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ( মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। ক্যাশিয়ার, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৮। সম্পাদক, দৈনিক ............................................................ (তাঁকে বিজ্ঞপ্তিটি শর্তাবলী অংশ ব্যতীত তার পত্রিকায় ভিতরের পাতায় ৩ কলামে ১০" ইঞ্চি পরিসরে আগামী ..................... তারিখে ১দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৯। ........................................................................(তাকে বিজ্ঞপ্তিটি আগামী ....................... তারিখ (১দিন) ৬ ঘন্টা সমগ্র সিটি এলাকায় ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
২০। নোটিশ বোর্ড: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়, জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সদর/বন্দর, প্রধান ডাকঘর/সাব-রেজিষ্ট্রি অফিস/সহকারী কমিশনাার (ভুমি) অফিস/তহসিল অফিস ও হাসপাতাল সমুহের নোটিশ বোর্ড।
২১। জনাব ..................................................ইজারাদার (সাবেক)
.....................................................

২৭/১/২০২০

(এ,এফ,এম,এহতেশামুল হক )
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন